# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৯৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৮৬]

১৬/ (প্রার্থনামূলক) দো‘আসমূহ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ ২৫০: দো‘আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কতিপয় দো‘আর নমুনা

(250) بَابُ فَضْلِ الدُّعَاءِ

---

আরবী

وَعَنْ عَلِيٍّ رضي الله عنه: أَنَّ مُكَاتِباً جَاءَهُ فَقَالَ: إِنِّي عَجَزْتُ عَنْ كِتَابَتِي فَأَعِنِّي، قَالَ: أَلاَ أُعَلِّمُكَ كَلِمَاتٍ عَلَّمَنِيهِنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، لَوْ كَانَ عَلَيْكَ مِثْلُ جَبَلٍ دَيْناً أَدَّاهُ اللهُ عَنْكَ؟ قُلْ: «اَللهم اكْفِنِي بِحَلاَلِكَ عَنْ حَرَامِكَ، وَأَغْنِنِي بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ». رواه الترمذي، وقال: حديث حسن

বাংলা

২২/১৪৯৪। আলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, একজন ’মুকাতিব’ (লিখিত চুক্তি অনুযায়ী নির্দিষ্ট পরিমাণ অর্থ দিতে প্রতিশ্রুতি-বদ্ধ কৃতদাস) তাঁর নিকট এসে নিবেদন করল, ’আমি আমার নির্ধারিত অর্থ দিতে অপারগ, অতএব আপনি আমাকে সাহায্য করুন।’ (এ কথা শুনে) তিনি বললেন, ’তোমাকে কি এমন দো’আ শিখিয়ে দিব না, যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে শিখিয়েছিলেন? যদি তোমার উপর পর্বত সমপরিমাণ ঋণও থাকে, তাহলে আল্লাহ তা’আলা তোমার পক্ষ থেকে তা পরিশোধ করে দেবেন। বল, ’আল্লা-হুম্মাকফিনী বিহালা-লিকা আন হারা-মিক, অআগনিনী বিফাযবলিকা আম্মান সিওয়া-ক।’

অর্থাৎ হে আল্লাহ! তোমার হালাল রুযী দিয়ে হারাম রুযী থেকে আমার জন্য যথেষ্ট কর এবং তুমি ছাড়া অন্য সকল থেকে আমাকে অমুখাপেক্ষী কর। (তিরমিযী হাসান) [1]

## English

(250) Chapter: Issues regarding Supplications, their Virtues and Supplications of the Prophet (pbuh)

'Ali (May Allah be pleased with him) reported:
A slave who had made a contract with his master to pay for his freedom, came to me and said: "I am unable to fulfill my obligation, so help me." He said to him: "Shall I not teach you a supplication which the Messenger of Allah (ﷺ) taught me? It will surely prove so effective that if you have a debt

as large as a huge mountain, Allah will surely pay it for you. Say: 'Allahumm-akfini bihalalika 'an haramika, wa aghnini bifadlika 'amman siwaka (O Allah! Grant me enough of what You make lawful so that I may dispense with what You make unlawful, and enable me by Your Grace to dispense with all but You)."

[At- Tirmidhi].

Commentary: It is important to recite this Du`a in order to seek Allah's Help in paying one's debts and in avoiding to beg of people.

## ফুটনোট

[1] তিরমিযী ৩৫৬৩, আহমাদ ১৩২১

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=27184

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন